



5

## সাতক্ষীরা জেলায় বিজ্ঞান শিক্ষার উন্নয়ন প্রকল্পে অনিশ্চয়তা

॥এ টি এম রফিক ॥

১৯৮৫-৮৬ ও ৮৬-৮৭ অর্থ বছরে সমগ্র সাতক্ষীরা জেলায় ৩৫টি মাধ্যমিক বিদ্যালয়সহ ৪টি মাদ্রাসা বিজ্ঞান শিক্ষার উদ্দেশ্যে উন্নয়ন প্রকল্পের অধীনে নির্বাচন করা হলেও অর্থ বরাদ্দের অভাবে অদ্যাবধি একটি বিদ্যালয়েরও নির্মাণ কাজ শুরু করা হয়নি। অথচ আর মাত্র ৪ মাস বাকী ৮৬-৮৭ অর্থ বছর শেষ হতে। ফলে নির্বাচিত ও প্রকল্পের আওতায় গ্রহণ করা বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে প্রয়োজনীয় কক্ষ, যন্ত্রপাতি, আসবাবপত্রের অভাবে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে দারুণ বিঘ্ন

সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট বিভাগের একটি সূত্র জানান: গত ১৯৮৫-৮৬ বছরে প্রথম পর্যায়ে সাতক্ষীরা জেলার ২৯ বিদ্যালয় ও মাদ্রাসা এ উন্নয়ন প্রকল্পের আওতায় নেয়া হয়। এর মধ্যে ২৫টি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও ৪টি মাদ্রাসা। দ্বিতীয় পর্যায়ে আরো ৬টি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও প্রকল্প গ্রহণ করা হয়। উন্নয়নের জন্য নির্বাচিত প্রত্যেকটি বিদ্যালয়ে মালটি পারপাস কক্ষ নির্মাণ, আসবাবপত্র, বৈজ্ঞানিক যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদি ও পুস্তক সরবরাহ করা এ প্রকল্পের উদ্দেশ্য ছিল।

প্রথম পর্যায়ে যে সকল বিদ্যালয় উন্নয়নের অন্তর্ভুক্ত ছিল তাহলে সাতক্ষীরা

সদরে ৮টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি মাদ্রাসা, কালীগঞ্জ উপজেলায় ৩টি মাধ্যমিক বিদ্যালয়, তালা উপজেলায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়, আশাশুনী উপজেলায় ৪টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি মাদ্রাসা, শ্যামনগর ও কলারোয়া উপজেলায় ১টি করে মাদ্রাসা। দ্বিতীয় পর্যায়ে শ্যামনগর উপজেলায় ৫টি এবং দেবহাটা উপজেলায় ১টি মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ক্রমে উন্নয়ন করা হবে। এশিয়ান উন্নয়ন ব্যাংকের আর্থিক অনুদানে এসব বিদ্যালয় ও মাদ্রাসার উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবার কথা থাকলেও অদ্যাবধি সে অর্থ সরবরাহ করা হয়নি। এ প্রকল্প আদৌ কি বাস্তবায়ন হবে? নাকি প্রকল্প বাস্তবায়ন শুধু পরিকল্পনায় রয়ে যাবে?